৪

দৈনিক বাংলা

তারিখ 6 JUL 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

# সবার জন্য শিক্ষা নিশ্চিত করা হবে ঃ সাদেক

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, শিক্ষার গুণগতমান উন্নয়ন ও সকলের জন্য শিক্ষা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। খবর তথ্য বিবরণীর।

তিনি, বৃহস্পতিবার তাঁর অফিস কক্ষে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসি-আই)-এর একটি প্রতিনিধিদলের সাথে এক বৈঠকে এ কথা বলেন।

এফবিসিসিআই সভাপতি সালমান এফ রহমানের নেতৃত্বে প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে এফবিসিসিআই-এর ভাইস প্রেসিডেন্ট আলহাজ রশিদুজ্জামান দুদু ও সার্ক চেম্বার অব কমার্সের ভাইস প্রেসিডেন্ট এ কে এম সামসুদ্দোহা বৈঠকে উপস্থিত ছিলেন।

এফবিসিসিআই সভাপতি শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের জন্য মন্ত্রীকে অভিনন্দন জানান এবং বলেন, শিক্ষা-ক্ষেত্রে গুণগত পরিবর্তন আনতে এফবিসিসি-আই সার্বিক সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে। তিনি প্রস্তাব করেন দেশে শিক্ষার হার বৃদ্ধি ও মানউন্নয়নে বেসরকারী সংস্থাকে সম্পৃক্ত করা যেতে পারে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে বিদ্য-মান বিভিন্ন সমস্যা চিহ্নিত করতে ইতিমধ্যে সরকার বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। তিনি বলেন, বর্তমান সরকারের রাজনৈতিক অঙ্গীকার আগামী দশ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে কার্যকর শিক্ষানীতি প্রণয়ন করা হবে।